রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, ফেব্রুয়ারি ১০, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
**ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ/২ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ৪২-আইন/২০২৬।**—সরকার, ডিঅক্সিরাইবোনিউক্লিক এসিড (ডিএনএ) আইন, ২০১৪ (২০১৪ সনের ১০ নং আইন) এর ধারা ৩৯ এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম**।—(১) এই বিধিমালা ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর এর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) **"জিপিএ"** অর্থ Grade Point Average (GPA);

(গ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(ঘ) **"নিয়োগকারী কর্তৃপক্ষ"** অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা;

(ঙ) **"পদ"** অর্থ তফসিল-১ এ উল্লিখিত কোনো পদ;

(চ) **"প্রয়োজনীয় যোগ্যতা"** অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(ছ) **"শিক্ষানবিশ"** অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে কর্মরত কোনো ব্যক্তি;

(জ) **"সিজিপিএ"** অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং


মূল্য : টাকা ১২.০০

(ঝ) **"স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা স্বীকৃতি প্রতিষ্ঠান"** অর্থ আপাততঃ বলবৎ কোনো আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা স্বীকৃত বোর্ড বা স্বীকৃতি প্রতিষ্ঠান  এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, সরকার কর্তৃক স্বীকৃত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি** ।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ প্রদান করা হইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা যাইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিল-১ বর্ণিত বয়সসীমার মধ্যে না হইয়া থাকে।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ গ্রহণপূর্বক কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি মৌখিক ও লিখিত পরীক্ষার ভিত্তিতে নিয়োগের সুপারিশ করিবে, তবে ২০তম গ্রেডের কোনো পদে লিখিত পরীক্ষা গ্রহণ করা বা না করা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) বাংলাদেশের নাগরিক নহেন এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হইয়া থাকেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষ, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত করা না হয়, বা তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরমে যদি থাকে, ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকিয়া স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৬) সরাসরি নিয়োগের ক্ষেত্রে বহুল প্রচারিত বাংলা ও ইংরেজি বহুল প্রচলিত ২ (দুই) টি জাতীয় দৈনিক পত্রিকায় উন্মুক্ত বিজ্ঞপ্তি প্রকাশ করিতে হইবে এবং এইরূপ নিয়োগদানের ক্ষেত্রে, সময় সময়, সরকার কর্তৃক জারীকৃত কোটা সম্পর্কিত নির্দেশাবলি অনুসরণ করিতে হইবে।

(৭) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া কোনো ব্যক্তি নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নবনিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্ব চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হইবে, জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত বাছাই কমিটি বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ১৩—১৬ গ্রেডের কোনো পদ হইতে ১০—১২ গ্রেডের কোনো পদে এবং ১০—১২ গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদূর্ধ্ব কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) কোনো ব্যক্তির চাকরি বৃত্তান্ত সন্তোষজনক না হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী পদে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালার বিধান অনুযায়ী পদোন্নতি প্রদান করা যাইবে, তবে উক্ত পদোন্নতি অস্থায়ী হইবে এবং পদ স্থায়ী হইলে উক্ত পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **শিক্ষানবিশি।**—(১) কোনো স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি হিসাবে সরাসরি নিয়োগের ক্ষেত্রে স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসর এবং পদোন্নতির ক্ষেত্রে এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশির মেয়াদ ১ (এক) বা একাধিকবার এইরূপে বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেই ক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার কর্ম ও আচরণ সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যেই পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশির মেয়াদ চলাকালীন কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি বিবেচনা করে যে, শিক্ষানবিশির মেয়াদ চলাকালীন শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে, যেই পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ কারিয়া থাকেন:

তবে শর্ত থাকে যে, যেই সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইয়াছে সেই সকল কর্মচারীকে তফসিল-১ এ বর্ণিত পদের শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যেই তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকরি স্থায়ী হইবে।

৭। **বিশেষ বিধান**।—তফসিল-১ এ উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটায় ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

**তফসিল-১**
**[বিধি-২ দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | মহাপরিচালক | .. | প্রেষণে বদলির মাধ্যমে | অতিরিক্ত সচিব বা যুগ্মসচিব পদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। |
| ২। | পরিচালক | .. | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:** উপপরিচালক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতাসহ ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১২ (বারো) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। |
| ৩। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | .. | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:** ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ)) বৎসরের চাকরির অভিজ্ঞতাসহ ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১২ (বারো) বৎসরের চাকরি।। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। |
| ৪। | উপপরিচালক | .. | পদোন্নতির মাধ্যমে | সহকারী পরিচালক প অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ৫। | ঊর্ধ্বতন বৈজ্ঞানিক | ৪০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী | **পদোন্নতির ক্ষেত্রে:** বৈজ্ঞানিক কর্মকর্তা বা অনুরূপ পদে |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | কর্মকর্তা | | পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনা স্বীকৃত বিশ্ববি্যালয় হইতে প্রাণ রসায়ন/মলিকুলার বায়োলজি/বায়োটেকনোলজি/জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াি অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি;<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে কোনো পরীক্ষায় তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে স্বীকৃত জার্নালে অন্যূন ২ (দুই)টি গবেষণা প্রকাশনা; এবং<br>(গ) বৈজ্ঞানিক কর্মকর্তা বা অনুরূপ প অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি বা গবেষণার অভিজ্ঞতা। |
| ৬। | সহকারী | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের | কোনা স্বীকৃত বিশ্ববি্যালয় |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | পরিচালক | | মাধ্যমে। | হইতে যে কোনো বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি; |
| ৭। | সহকারী প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৮। | বৈজ্ঞানিক কর্মকর্তা | ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রাণ রসায়ন/মলিকুলার বায়োলজি/ বায়োটেকনোলজি/জেনেটিক ইঞ্জিনিয়ারিং এ ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি; |
| ৯। | ল্যাবরেটরী টেকনোলজিষ্ট | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ল্যাবরেটরী টেকনোলজিতে ৩ (তিন) বৎসর মেয়াদি ডিপ্লোমা ডিগ্রি; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০। | হিসাবরক্ষক | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে ২য় |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | | শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনায় □ক্ষতা; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১। | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধি□প্তর, পরি□প্তর এবং □প্তরের কমন প□ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১২। | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১৩। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধি□প্তর, পরি□প্তর এবং □প্তরের কমন প□ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১৪। | ভান্ডার রক্ষক | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে এইচ এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় □ক্ষতা; এবং<br>(গ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৫। | অফিস সহায়ক | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১৬। | গাড়ী চালক | আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ অনুযায়ী। | | |
| ১৭। | নিরাপত্তাক | আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ | | |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | র্মী | অনুযায়ী। | | |
| ১৮। | পরিচ্ছন্নতাকর্মী | আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ অনুযায়ী। | | |

**তফসিল-২**

**[বিধি ২ ও তফসিল-১ এর ক্রমিক নং-৯ দ্রষ্টব্য]**

**ল্যাবরেটরী টেকনোলজিস্ট পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি**

<table>
<tr><th>পরীক্ষার নাম</th><th>পরীক্ষার বিষয়</th><th>পরীক্ষার নম্বর</th><th>সর্বনিম্ন পাস নম্বর</th><th>সময়</th></tr>
<tr><td>(১)</td><td>(২)</td><td>(৩)</td><td>(৪)</td><td>(৫)</td></tr>
<tr><td rowspan="4">লিখিত পরীক্ষা</td><td>১। বাংলা</td><td>২৫</td><td rowspan="4">৫০%</td><td rowspan="4">৯০ মিনিট</td></tr>
<tr><td>২। ইংরেজি</td><td>২৫</td></tr>
<tr><td>৩। গণিত</td><td>২০</td></tr>
<tr><td>৪। সাধারণ জ্ঞান</td><td>২০</td></tr>
<tr><td colspan="2">মৌখিক পরীক্ষা</td><td>১০</td><td>৫০%</td><td rowspan="2"></td></tr>
<tr><td colspan="2">সর্বমোট</td><td>১০০</td><td></td></tr>
</table>

**ব্যাখ্যা।**—লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

**তফসিল-৩**
**[বিধি ২ ও তফসিল-১ এর ক্রমিক নং-১০ দ্রষ্টব্য]**

**হিসাবরক্ষক পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি**

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | পরীক্ষার নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ৩০ | ৫০% | ৯০ মিনিট |
| | ২। ইংরেজি | ৩০ | | |
| | ৩। গণিত | ২০ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ২০ | | |
| মৌখিক পরীক্ষা | | ১০ | ৫০% | |
| | সর্বমোট | ১১০ | | |

**ব্যাখ্যা।**—লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

**তফসিল-৪**
**[বিধি ২ ও তফসিল-১ এর ক্রমিক নং-১৪ দ্রষ্টব্য]**

**ভান্ডার রক্ষক পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি**

<table>
<tr><th>পরীক্ষার নাম</th><th>পরীক্ষার বিষয়</th><th>পরীক্ষার নম্বর</th><th>সর্বনিম্ন পাস নম্বর</th><th>সময়</th></tr>
<tr><td>(১)</td><td>(২)</td><td>(৩)</td><td>(৪)</td><td>(৫)</td></tr>
<tr><td rowspan="4">লিখিত পরীক্ষা</td><td>১। বাংলা</td><td>২৫</td><td rowspan="4">৫০%</td><td rowspan="4">৯০ মিনিট</td></tr>
<tr><td>২। ইংরেজি</td><td>২৫</td></tr>
<tr><td>৩। গণিত</td><td>২০</td></tr>
<tr><td>৪। সাধারণ জ্ঞান</td><td>২০</td></tr>
<tr><td colspan="2">মৌখিক পরীক্ষা</td><td>১০</td><td>৫০%</td><td rowspan="2"></td></tr>
<tr><td colspan="2">সর্বমোট</td><td>১০০</td><td></td></tr>
</table>

**ব্যাখ্যা।**—লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মমতাজ আহমেদ** এনডিসি
সিনিয়র সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd